# খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) কর্তৃক ২০২১-২০২২ সালে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ ও ডিজিটাল সেবা সংকলন :

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

# খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)


ভূমিকা:

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা এবং ২০১৭-২০১৮ অর্থবছরে বিএমডির দাপ্তরিক সেবাসমূহ-কে ডিজিটাল সেবায় রূপান্তরের নিমিত্ত এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগের যৌথ উদ্যোগে ''ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সিস্টেম'' সফটয়্যার প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। সেপ্রেক্ষিতে বিএমডির নাগরিক সেবাসমূহকে ০৪ টি ই-সার্ভিসে রূপান্তরের লক্ষ্যে ই-সার্ভিস রোডম্যাপ-২০২১ প্রণয়ন করা হয়। বর্ণিত ০৪ টি ই-সার্ভিসকে যাচাই-বাছাই করে ০২ টি ই-সার্ভিসে রূপান্তরের জন্য চূড়ান্ত করা হয়। সরকারি ক্রয় প্রক্রিয়ার সমস্ত ধাপ শেষ করে ''ই-লাইসেন্স এন্ড লিজ ম্যানেজমেন্ট সিস্টেম'' সফটওয়্যার প্রস্তুত ও বাস্তবায়ন করার জন্য REVE System Ltd.-এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়।

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সকল নাগরিক সেবাসমূহকে ডিজিটাল সেবায় রুপান্তরের নিমিত্ত রিভ সিস্টেম লিমিটেড হতে ''ই-লাইসেন্স এন্ড লিজ ম্যানেজমেন্ট সিস্টেম''সফটওয়্যার ক্রয়ের নিমিত্ত চুক্তি সম্পাদিত হয়েছে। ইতোমধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী ''ই-লাইসেন্স এন্ড লিজ ম্যানেজমেন্ট সিস্টেম'' সফটওয়্যার প্রস্তুত ও বাস্তবায়ন চূড়ান্ত পর্যায়ে রয়েছে। তবে ই-লাইসেন্স এন্ড লিজ ম্যানেজমেন্ট সফটওয়্যার এর পাইলটিং কার্যক্রম বাস্তবায়নকালে সফটওয়্যারটির বেশ কিছু অংশে ক্রুটি/অক্ষমতা পরিলক্ষিত হয়েছিল। বর্ণিত ত্রুটি/অক্ষমতাসমূহ দূরীকরণ করে পাইলটিংয়ের সময় হবিগঞ্জ জেলার ০৬ টি সিলিকা বালু কোয়ারি ইজারা প্রদান সংক্রান্ত কার্যক্রম ''ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সিস্টেম'' সফটওয়্যারটির মাধ্যমে অত্যন্ত সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। হবিগঞ্জ জেলার সিলিকা বালু কোয়ারিসমূহের অনলাইনে আবেদন গ্রহণসহ ইজারা প্রদান সকল ধাপ/প্রক্রিয়াটি ডিজিটাল পদ্ধতিতে esheba.bomd.gov.bd লিংক-এর মাধ্যমে সম্পাদন করে ''ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সিস্টেম''-সফটওয়্যারটির পাইলটিং কার্যক্রম চূড়ান্তভাবে বাস্তবায়নের মাধ্যমে বর্ণিত সফটওয়্যারটির সচল/চালু করা হয়েছে। অতিশ্রীঘই উর্ধ্বতন কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদনক্রমে শুভ উদ্বোধন ঘোষণা করা হবে। উদ্বোধনের পর দেশের সকল কোয়ারি (পাথর ও সিলিকা বালু) এবং খনি ইজারার সামগ্রিক কার্যক্রম ''ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সিস্টেম''-সফটওয়্যারটির মাধ্যমে করা হবে।

ইতোমধ্যে ''ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সিস্টেম'' সফটওয়্যারের উপর কয়েকটি TOT & USER প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে বিএমডি, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বড়পুকুরিয়া কয়লা খনি, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি, বিভিন্ন জেলা প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীগণ অংশ গ্রহণ করেছেন এবং সফটওয়্যারটি পরিচালনার দক্ষতা অর্জন করেছেন।

## ডিজিটাল পদ্ধতিতে কোয়ারি ইজারা প্রদানের প্রসেস ম্যাপ :



কোয়ারি ইজারা ডিজিটাল সেবার **TCV (Time, Cost & Visit)** এনালাইসিস/তুলনা :

| | সহজিকরণের পূর্বের পদ্ধতি | সহজিকরণের পরের পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ১৩০ দিন | ১৩০ দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | ২৫,০০০/- | ১০,০০০/- |
| যাতায়াত | ৬ বার | ২ বার |
| ধাপ | ১৭ | ১৭ |
| জনবল | ২০ জন | ১০ জন |
| দাখিলীয় কাগজপত্র | দরপত্রের আবেদন ফরম, হালনাগাদ ছবি, ট্রেজারি চালানের কপি, জাতীয় পরিচয়পত্র, আয়কর ও ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, আর্থিক সচ্ছলতার সনদপত্র, আর্নেস্টমানি জমার চালানের কপি, ইজারামূল্য জমার চালানের কপি | দরপত্রের আবেদন ফরম, হালনাগাদ ছবি, ট্রেজারি চালানের কপি, জাতীয় পরিচয়পত্র, আয়কর ও ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, আর্থিক সচ্ছলতার সনদপত্র, আর্নেস্টমানি জমার চালানের কপি, ইজারামূল্য জমার চালানের কপি অনলাইনে দাখিল |

"ই-লাইসেন্স এন্ড লিজ ম্যানেজমেন্ট সিস্টেম" সফটওয়্যারটি ব্যবহার করে পাইলটিংয়ের মাধ্যমে হবিগঞ্জ জেলার ০৬ টি সিলিকা বালু কোয়ারি ইজারা প্রদান সংক্রান্ত কার্যক্রমের তথ্যাদি নিম্নরূপ :

| ক্র. নং | সিলিকা বালু কোয়ারির নাম ও উপজেলার নাম | আয়তন (একর) | সরকারি ইজারা মূল্য | ইজারাদার ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ইজারা মূল্য | ভ্যাট ১৫% | আয়কর ৫% |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | সুতং নদী "খ" অংশ, চুনারুঘাট | ৪৭.৬২ | ৮৭,৬৭,৫০০/- | জনাব শফিক মিয়া, পিতা-মোঃ জিতু মিয়া, দেওরগাছ আর্দশ বাজার, পোঃ চান্দপুর বাগান, উপজেলা-চুনারুঘাট, জেলা-হবিগঞ্জ | ১,৪২,৬৫,৫৫৯/- | ২১,৩৯,৮৩৪/- | ৭,১৩,২৭৮/- |
| ২ | কালি ছড়া, বাহবল | ৫.২১ | ২৬,৪০,০০০/- | জনাব আলমগীর তালুকদার, পিতা-সিরাজুল ইসলাম, গ্রাম-মোহনপুর, উপজেলা-হবিগঞ্জসদর, জেলা-হবিগঞ্জ | ৫১,৫০,০০০/- | ৭,৭২,৫০০/- | ২,৫৭,৫০০/- |
| ৩ | সুতং নদী "গ" অংশ, চুনারুঘাট | ২৭.৬২ | ২,৮৩,৫০,০০০/- | জনাব রকিবুল ইসলাম, পিতা-সিরাজুল ইসলাম, গ্রাম-রিচি, পোস্ট-রিচি উপজেলা-হবিগঞ্জ সদর, জেলা-হবিগঞ্জ | ১,৯৮,৪৫,০০৫/- | ২৯,৭৬,৭০৬/- | ৯,৯২,২৫০/- |
| ৪ | রসুলপুর, মাধবপুর | ১৬.৭৬ | ৭৩,৭০,০০০/- | জনাব মোঃ মাসুদ খাঁন, পিতা-হাজী মোঃ জায়েদ খাঁন, গ্রাম-বেজুড়া, পোঃ বেজুড়া, উপজেলা-মাধবপুর, জেলা-হবিগঞ্জ | ৩,৫১,০০,০০০/- | ৫২,৬৫,০০০/- | ১৭,৫৫,০০০/- |
| ৫ | ইছালিয়া ছড়া, চুনারুঘাট | ৩৯.৩৬ | ৮২,০০,০০০/- | জনাব নন্দলাল সিংহ, পিতা-কুলচন্দ্র সিংহ, গ্রাম-আবাদগাঁও, পোঃ গাজীপুর উপজেলা-চুনারুঘাট, জেলা-হবিগঞ্জ | ৮৮,০০,০০০/- | ১৩,২০,০০০/- | ৪,৪০,০০০/- |
| ৬ | মনতলা চৌমুহনি, মাধবপুর | ২০.৫৮ | ৭০,৪০,০০০/- | জনাব মোঃ আলফাজ মিয়া, পিতা-হাজী মোঃ আঃ রহমান, গ্রাম-নাজিরপুর উপজেলা-মাধবপুর, জেলা-হবিগঞ্জ | ২,৮৫,৫৫,০০০/- | ৪২,৮৩,২৫০/- | ১৪,৮৭,৭৫০/- |
| | | | | | ৯,৭৪,২৬,১৫৯/- | ১,৪৬,১৩,৮৭৯/- | ৪৮,৭১,৩০৮/- |
| | | | | সর্বমোট টাকা | =১১,৬৯,১১,৩৪৬/- | | |

=====সমাপ্ত=====

২৮.০৯.২০২১
আজিজুল হক
সহকারী পরিচালক (ভূ-রসায়ন)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

২৮-০৯-২১
মোঃ মাহফুজুর রহমান
উপপরিচালক (খনি ও খনিজ) (চ.দা.)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

২৮.০৯.২০২১
মোঃ মামুনুর রশীদ
উপ-পরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৮.০৯.২০২১
মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্ম সচিব)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার